



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

ওয়েবসাইট: ctgcollege.gov.bd, ইমেইল: ctgcollege@yahoo.com



২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) এম.এ/এম.এস.এস/এম.এসসি কোর্সে ভর্তির প্রাথমিক আবেদন ফরম জমা দান সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখ : ১৫.০৫.২০২৪ খ্রি.

কলেজ কোড: ৪৩০১

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে চট্টগ্রাম কলেজ ভর্তিচ্ছু প্রার্থীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ০৮.০৫.২০২৪ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions হতে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি ফরম ডাউনলোড করা যাচ্ছে। আগামী ২৭.০৫.২০২৪ খ্রি. পর্যন্ত ফরম সংগ্রহ করা যাবে। চট্টগ্রাম কলেজে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা ভর্তির প্রাথমিক আবেদন ফরম অনলাইন হতে ডাউনলোড করে উপায়/নগদ/বিকাশ/রকেট অ্যাপস এর মাধ্যমে আবেদন ফি বাবদ নিখারিত ৩০০/- (তিনশত) টাকা নিম্নোক্ত পদ্ধতিতে আগামী ২৭.০৫.২০২৪ তারিখের মধ্যে জমা দিতে পারবে।

- ১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd/admissions তে গিয়ে Applicant Login করে অনলাইনে ১৪.০৫.২০২৪ খ্রি. থেকে ২৭.০৫.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত পূরণকৃত চূড়ান্ত আবেদন ফরম ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।
- ২। রেজিস্ট্রেশন ফরমে উল্লিখিত ফি ৩০০/- (তিনশত) টাকা উপায়/নগদ/বিকাশ/রকেট অ্যাপস এর মাধ্যমে ২৭.০৫.২০২৪ তারিখের মধ্যে জমা দিতে হবে।
- ৩। প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার পর প্রথমে কলেজের ভর্তি ওয়েবসাইটে www.ctgcolleg.eshiksabd.com লিংকে প্রবেশ করে ইউজার আইডি ও পাসওয়ার্ড **ctgstudent** লিখে লগইন করতে হবে। এর পর **Apply for Application Form** এ ক্লিক করে NU Admission এর ০৭ (সাত) ডিজিটের রোল নম্বর এবং Student Name এ শিক্ষার্থীর নাম লিখে **Submit** এ ক্লিক করে নিম্নোক্ত নিয়মে ফি পরিশোধ করতে হবে
ফি পরিশোধের নিয়মাবলী
- ৪। উপায়/বিকাশ/নগদ/রকেট অ্যাপস লগইন করতে হবে।
ক) বিকাশ/উপায় অ্যাপসে এডুকেশন ফি (Education fee) এবং নগদ/রকেট অ্যাপসে পে বিল সিলেক্ট করতে হবে।
খ) কলেজ ট্যাপ করে Chittagong College সিলেক্ট করতে হবে।
গ) স্টুডেন্ট আইডি নম্বর এর জায়গায় ০৭ ডিজিটের ভর্তি রোল নম্বর দিতে হবে। ফি এর পরিমাণ চেক করে ফি পরিশোধ করতে হবে।
- ৫। প্রাথমিক আবেদন ফি উপায়/নগদ/রকেট/বিকাশ এর মাধ্যমে সফলভাবে পরিশোধ হলে প্রাপ্ত ডিজিটাল রিসিটের ২ (দুই) কপি ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।
- ৬। প্রাথমিক আবেদন সংক্রান্ত সকল কাগজপত্র পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিজের কাছে সংরক্ষণ করতে হবে (কলেজে জমা দিতে হবে না)।

প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করা যাবে	২৭.০৫.২০২৪ খ্রি. রাত ১২.০০ টা পর্যন্ত
উপায়/বিকাশ/নগদ/রকেট এর মাধ্যমে ফি সর্বমোট ৩০০/- (তিনশত টাকা) পরিশোধের তারিখ	১৬.০৫.২০২৪ খ্রি. থেকে ২৭.০৫.২০২৪ খ্রি. পর্যন্ত

৭। ২৭.০৫.২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের SMS না পেলে ভর্তি রোল নম্বর এবং পিন কোড দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd/admissions তে গিয়ে Applicant Login করে প্রাপ্ত Panel এ View Application অপশনে Status: **Received** থাকলে ফরমটি কলেজ কর্তৃক Received হয়েছে। View Application অপশনে Status: **Submitted** থাকলে আগামী ২৮.০৫.২০২৪ খ্রি. তারিখ দুপুর ২:০০ টার মধ্যে প্রশাসনিক ভবন এর অফিস কক্ষ নম্বর ৫-১০৪ এ যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হলো।

ফি পরিশোধ সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতার জন্য নিম্নোক্ত ফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে:
মোহাম্মদ নুরুল আলম- ০১৮১৩০৫৯৭৮১

প্রতি স্বাক্ষর :

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)

আইডি নম্বর : ০০৮৫২৮

অধ্যক্ষ

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

(জেসমিন ফাতেমা চৌধুরী)

সহযোগী অধ্যাপক, অর্থনীতি

ও

আহবায়ক

প্রিলিমিনারী টু মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) ভর্তি কমিটি-২০২১-২০২২

অনুলিপি:

- ১। উপাধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
- ২। সকল বিভাগীয় প্রধান, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম
- ৩। ক্যাশিয়ার, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
- ৪। অফিস নথি।

২০/০৫/২০২৪